

স্মারক নং- চাঁবিপ্রবি./রেজি./নিয়োগ/কর্মকর্তা-কর্মচারী/২০২৬/১২২৭

তারিখঃ ১০ ফাল্গুন ১৪৩২
২৩ ফেব্রুয়ারি ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদসমূহে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	মোট পদ সংখ্যা	বিভাগ, পদসংখ্যা ও বেতন স্কেল	শর্তাবলী
০১	রেজিস্ট্রার	০১টি	রেজিস্ট্রার দপ্তর: ০১টি গ্রেড নং-৩ বেতন স্কেল চ: ৫৬,৫০০-৭৪,৪০০/-	আবেদনকারীকে https://jobs.cstu.ac.bd ওয়েবসাইটে গিয়ে প্রয়োজনীয় সকল কাগজপত্রের Scanned pdf copy ও আবেদন ফি সহ ২৫/০২/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে ২৬/০৩/২০২৬ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: https://www.cstu.ac.bd অথবা www.jobs.cstu.ac.bd - এ Notice সেকশন থেকে যোগ্যতার বিস্তারিত বিবরণ সংগ্রহ করা যাবে। প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের Scanned pdf copy সংযুক্ত করতে হবে- (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে), প্রকাশনা ও অন্যান্য (খ) সদ্য তোলা ৩০০x৩০০ পিক্সেল ও অনূর্ধ্ব ২০০ কিলোবাইট সাইজের ছবি (jpg file) (গ) ৩০০x১০০ পিক্সেল ও অনূর্ধ্ব ২০০ কিলোবাইট সাইজের স্বাক্ষর (ঘ) জাতীয় পরিচয়পত্র (ঙ) চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন গ্রহণ করা হবে না। ক্রেডিট কার্ড/অনলাইন ব্যাংকিং/ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ০১ থেকে ০৪ নং পদের জন্য আবেদন ফি ২০০/- (দুইশত) টাকা, ০৫ থেকে ০৬ নং পদের জন্য আবেদন ফি ১০০/- (একশত) টাকা, ০৭ নং পদের জন্য আবেদন ফি ৫০/- (পঞ্চাশ) টাকা এবং সকল গ্রেড (অনগ্রসর নাগরিক: ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) এর জন্য আবেদন ফি ৫০/- (পঞ্চাশ) টাকা (সার্ভিস চার্জ ব্যতীত) পরিশোধ করতে হবে।
০২	পরিচালক	০১টি	অর্থ ও হিসাব বিভাগ: ০১টি গ্রেড নং-৩ বেতন স্কেল চ: ৫৬,৫০০-৭৪,৪০০/-	
০৩	পরিচালক	০১টি	পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ: ০১টি গ্রেড নং-৩ বেতন স্কেল চ: ৫৬,৫০০-৭৪,৪০০/-	
০৪	পিএস টু ভিসি (সহকারী রেজিস্ট্রার)	০১টি	উপাচার্য মহোদয়ের দপ্তর: ০১টি বেতন স্কেল চ: ২৯,০০০-৬৩,৪১০/- গ্রেড নং-৭	
০৫	ল্যাব অ্যাসিস্ট্যান্ট	০২টি	(ক) পদার্থ বিজ্ঞান ল্যাব: ০১টি (খ) রসায়ন ল্যাব: ০১টি গ্রেড নং- ১৩ বেতন স্কেল চ: ১১,০০০-২৬,৫৯০/-	
০৬	গাড়ি চালক	০১টি	(ক) পরিবহন পুল: ০১টি বেতন স্কেল চ: ৯,৩০০-২২,৪৯০/- গ্রেড নং- ১৬	
০৭	অফিস সহায়ক	০৪টি	(ক) অর্থ ও হিসাব বিভাগ: ০১টি (খ) পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ: ০১টি (গ) কেন্দ্রীয় গ্রন্থাগার: ০১টি (ঘ) ব্যবসায় প্রশাসন বিভাগ: ০১টি বেতন স্কেল চ: ৮,২৫০-২০,০১০/- গ্রেড-২০	

প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ

- আগ্রহী প্রার্থীকে আগামী ২৬/০৩/২০২৬ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।
- ক্রমিক নং- ০১ হতে ০৭ এ বর্ণিত পদের জন্য Online -এ আবেদন পত্র Submit করার পর Online -এ Generated আবেদনপত্র Print করে ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সকল সনদপত্র ও অন্যান্য ডকুমেন্ট (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধনপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চরিত্র সম্পর্কিত প্রসংশাপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্রাদি ও নম্বরপত্রের সত্যায়িত কপি) এর হার্ড কপি ক্রমিক নং- ০১ হতে ০৪ এ বর্ণিত পদের জন্য ০৭ সেট এবং ক্রমিক নং- ০৫ হতে ০৭ এ বর্ণিত পদের জন্য ০৫ সেট করে পূর্ণাঙ্গ আবেদন আগামী ০২/০৪/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে “রেজিস্ট্রার, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, অস্থায়ী ক্যাম্পাস: হোল্ডিং নং: ০৯৩৭-০২, খলিশাডুলি, ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর, চাঁদপুর-৩৬০০” এর বরাবর পৌঁছাতে হবে। অন্যথায় আবেদনটি বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার তারিখ ই-মেইল, এসএমএস ও ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- সাক্ষাৎকারের সময় সকল সনদের মূল কপি ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে


(মোঃ আল মামুন)
রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়